

প্রিয় নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী পরিবার,

স্কুলে আপনার সন্তানের শিক্ষা এবং অগ্রগতিতে আপনার স্কুল ও ডিপার্টমেন্ট অব এডুকেশনের দায়িত্ব নিশ্চিত করতে আমরা যে সব গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি তা জানাবার জন্য আমি এই চিঠি পাঠাচ্ছি।

সজ্ঞাত পরিবার স্কুলের উন্নতিতে একটি ক্ষমতামূলী শক্তি। পরিবার যখন জানে যে তাদের সন্তান তার স্কুলে প্রয়োজনীয় শিক্ষা পাচ্ছে না, তখন তারা শিক্ষার মান উন্নয়নের দাবি জানায় অথবা অন্য কোন ভাল স্কুল খোঁজে। একজন পিতামাতা হিশেবে আপনি জানতে চান: “আমার সন্তান কতটা ভাল শিক্ষা পাচ্ছে? কী করে সে আরো ভাল করবে? তার উন্নতি নিশ্চিত করতে স্কুল কী করছে? আমি কী করে তার অগ্রগতি বুঝবো? আমি কেমন করে তাকে সাহায্য করতে পারি?” ইত্যাদি।

পাবলিক স্কুলে প্রত্যেক শিক্ষার্থীকে তার শিক্ষায় উন্নতি এবং উপরের প্রশ্নগুলোর উত্তরের জন্য আমরা কিছু উপায় বের করেছি। এসব উপায়-উপকরণের তথ্য আপনারা এই চিঠির খামে পাবেন যেমন:

- “আপনার সন্তানের শিক্ষায় উন্নতি এবং তার স্কুলকে মূল্যায়ন করার চারটি পথ” সম্পর্কিত একটি প্রচারপত্র
- আপনার স্কুলের ২০০৬-২০০৭ -এ শিক্ষা পরিবেশ সমীক্ষার ফল, যাতে অন্তর্ভুক্ত আছে গত বসন্তে নিউ ইয়র্ক সিটির পিতামাতা, শিক্ষার্থী এবং শিক্ষকগণ তাদের স্কুলে শিক্ষার অবস্থার ব্যাপারে যে উত্তর দিয়েছেন তা।
- আপনার স্কুলের ২০০৬-২০০৭ -এর অগ্রগতির প্রতিবেদন (প্রাথমিক, মিডল এবং কে-৮ গ্রেড স্কুল; হাই স্কুল পিতামাতা-শিক্ষক অধিবেশন সময় সংঘাতের কারণে হাই স্কুল অগ্রগতির প্রতিবেদন আপনার স্কুলের মাধ্যমে এবং ডি.ও.ই-র ওয়েবসাইটে শীঘ্রই পাওয়া যাবে; নতুন স্কুল অথবা যে সমস্ত স্কুল বাতিল হয়ে যাচ্ছে, তাদের কোন অগ্রগতি প্রতিবেদন নাও থাকতে পারে)
- প্রত্যেকটি নথি ইংরেজি ছাড়া বাড়িতে বহুল বেশি ব্যবহৃত ভাষাগুলোতে যাদের প্রয়োজন আছে, তাদের জন্য অনুবাদ অথবা অনুবাদ সহায়তা দেয়া হবে।

একজন অভিজ্ঞ শিক্ষাবিদ আপনার স্কুল শিক্ষার্থীর লেখাপড়ায় উন্নতিতে কতটা সংগঠিত তা গত বছর পবিদর্শন করে দেখেছেন। আপনি যদি আপনার স্কুলের মান পুনরীক্ষণ প্রতিবেদন পড়তে চান তাহলে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটের সাথে কথা বলুন অথবা এই চিঠির সাথে দেয়া প্রচারপত্র অনুসরণ করে অনলাইনে খুঁজে নিন।

এসব দায়বদ্ধতার উপকরণ মেয়র এবং আমার ‘শিশুরাই প্রথম’ পরিকল্পনায় প্রিন্সিপাল, শিক্ষক এবং পরিবারকে শিক্ষার্থীর লেখাপড়ায় উন্নতিতে প্রয়োজনীয় তথ্য দেয় এবং আমাকে ও ডিপার্টমেন্ট অব এডুকেশনকে, আপনার সন্তান যদি পড়াশুনায় অকৃতকার্য হয়, তাহলে ক্ষমাহীনভাবে, আপনার কাছে দায়বদ্ধ রাখে।

আপনার যদি কোন প্রশ্ন অথবা মতামত থাকে তাহলে আমার সাথে নিচের ঠিকানায় যোগাযোগ করুন  
Joel I. Klein, 52 Chambers Street, New York, NY 10007 অথবা নিচের ঠিকানায়  
ই-মেইল করুন।

[childrenfirst@schools.nyc.gov](mailto:childrenfirst@schools.nyc.gov).

*Joel I. Klein*

জোয়েল আই. ক্লাইন  
চ্যান্সেলর